

## 🔳 আল-আনফাল | Al-Anfal | ٱلْأَنْفَال

আয়াতঃ ৮: ৪০

## 💵 আরবি মূল আয়াত:

## وَ إِن تَوَلُّوا فَاعلَمُوا أَنَّ اللَّهَ مَولَكُم الْمَولَى وَ نِعمَ النَّصِيرُ ﴿ ٢٠﴾

## 

আর যদি তারা পৃষ্ঠ প্রদর্শন করে, তাহলে জেনে রাখ, নিশ্চয় আল্লাহ তোমাদের অভিভাবক। তিনি কতইনা উত্তম অভিভাবক এবং কতইনা উত্তম সাহায্যকারী। — আল-বায়ান

আর তারা যদি মুখ ফিরিয়ে নেয় তাহলে জেনে রেখ যে, আল্লাহই তোমাদের অভিভাবক, কতই না উত্তম অভিভাবক! কতই না উত্তম সাহায্যকারী! — তাইসিকল

আর যদি তোমাকে না'ই মানে এবং দীন থেকে মুখ ফিরিয়ে নেয় তাহলে জেনে রেখ যে, আল্লাহই তোমাদের (মুসলিমদের) অভিভাবক। তিনি কতইনা উত্তম অভিভাবক ও সাহায্যকারী! — মুজিবুর রহমান

But if they turn away - then know that Allah is your protector. Excellent is the protector, and Excellent is the helper. — Sahih International

৪০. আর যদি তারা মুখ ফিরায় তবে জেনে রাখ, আল্লাহই তোমাদের অভিভাবক, তিনি কতই না উত্তম অভিভাবক এবং কতই না উত্তম সাহায্যকারী!

তাফসীরে জাকারিয়া

- (৪০) আর যদি তারা মুখ ফেরায়[1] তবে জেনে রাখ যে, আল্লাহই তোমাদের অভিভাবক[2] এবং তিনি কত উত্তম অভিভাবক এবং কত উত্তম সাহায্যকারী। [3]
  - [1] অর্থাৎ, ইসলাম গ্রহণ না করে এবং কুফরীর ও তোমাদের বিরোধিতার উপর অবিচল থাকে।
  - [2] তোমাদের শত্রুদের উপর তোমাদের সাহায্যকারী এবং তোমাদের রক্ষক ও হিফাযতকারী।
  - [3] সুতরাং সফলকাম সেই হবে, যার অভিভাবক আল্লাহ এবং বিজয় সেই লাভ করবে, যার সাহায্যকারী আল্লাহ।

তাফসীরে আহসানুল বায়ান



• Source — https://www.hadithbd.com/quran/link/?id=1200

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন